

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৯০

১/ বিবিধ

আরবী

يا أبا هريرة إذا اشتد الجوع فعليك برغيف وكوز من ماء، وعلى الدنيا وأهلها الدمار
ضعيف

أخرجه ابن بشران في " الأمالي " (ورقة 14 / 1 – من مجموع الظاهرية 82) وأبو بكر
بن السني في " كتاب القناعة " (ورقة 237 / 1) من طريق كثير بن واقد، (وقال أبو
بكر: عيسى بن واقد البصري) عن محمد بن عمرو عن أبي سلمة عن أبي هريرة
مرفوعا

وكثير بن واقد، أو عيسى بن واقد، لم أجد من ذكره، ورواه الديلمي (4 / 266) عنه
فسماه عيسى بن موسى ولم أعرفه أيضا وقد تابعه الماضي بن محمد عن محمد بن
عمرو به إلا أنه قال: " على الدنيا وأهلها مني الدمار " أي باللفظ الذي قبله أخرجه ابن
السني وابن عدي في ترجمة الماضي هذا (6 / 20425) وقال: مصري منكر الحديث
وعامة ما يرويه لا يتابع عليه ولا أعلم روى عنه غير ابن وهب وقال ابن أبي حاتم (4 /
1 / 442) عن أبيه: لا أعرفه والحديث الذي رواه باطل وهو منكر الحديث كما قال
ابن عدي، وقد روي الحديث بإسناد موضوع وبلفظ مغاير لهذا بعض الشيء، وهو
الذي قبله

বাংলা

৪৯০। হে আবু হুরাইরাহ যখন ক্ষুধা প্রচণ্ড রূপ নিবে, তখন তুমি এক টুকরো রুটি এবং ছোট এক পাত্রে পানি

গ্রহণ করবে। দুনিয়া ও দুনিয়াবাসীদের বিনাশ সাধিত হোক।

হাদীসটি দুর্বল।

এটি ইবনু বিশরান “আল-আমলী” গ্রন্থে (পাতা ১৪/১/৮২ হতে) এবং আবু বাকর ইবনুস সুনী “কিতাবুল কানাআহ” গ্রন্থে (পাতা ২৩৭/১) কাসীর-ইবনু ওয়াকিদ সূত্রে (আবু বকর বলেনঃ ঈসা ইবনু ওয়াকিদ বাসরী সূত্রে) মুহাম্মাদ ইবনু কাসীর ইবনু ওয়াকিদ বা ঈসা ইবনু ওয়াকিদকে কে উল্লেখ করেছেন পাচ্ছি না।

হাদীসটি দাইলামী (৪/২৬৬) তার থেকেই বর্ণনা করেছেন। তার নাম বলেছেন ঈসা ইবনু মুসা তাকেও চিনি না।

মায়ী ইবনু মুহাম্মাদ মুহাম্মাদ ইবনু আমর হতে তার মুতাবায়াত করেছেন। যেটি ইবনুস সুনী এবং ইবনু আদী এ মায়ীর জীবনীতে (৬/২৫/২০৪) বর্ণনা করেছেন। অতঃপর বলেছেনঃ তিনি (মায়ী) মিসরী, মুনকারুল হাদীস। তার অধিকাংশ বর্ণনাই অনুসরণযোগ্য নয়। তার থেকে ইবনু ওয়াহাব ছাড়া অন্য কেউ বর্ণনা করেননি।

ইবনু আবী হাতিম (৪/১/৪৪২) তার পিতা হতে বর্ণনা করে বলেছেনঃ আমি তাকে (মায়ীকে) চিনি না এবং তিনি যে হাদীসটি বর্ণনা করেছেন সেটি বাতিল।

তিনি মুনকারুল হাদীস যেমনটি ইবনু আদী বলেছেন।

হাদীসটি অন্য ভাষায় জাল সনদে বর্ণিত হয়েছে। যেটি পূর্বের হাদীসে উল্লেখ করা হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68075>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন